

🗏 ইয়াসীন | Ya-Sin | ৯০০

আয়াতঃ ৩৬: ৭২

আরবি মূল আয়াত:

وَ ذَلَّانَهَا لَهُم فَمِنهَا رَكُوبُهُم وَ مِنهَا يَاكُلُونَ ﴿٧٢﴾

🗚 অনুবাদসমূহ:

আর আমি এগুলোকে তাদের বশীভূত করে দিয়েছি। ফলে এদের কতক তাদের বাহন এবং কতক তারা ভক্ষণ করে। — আল-বায়ান

আমি এগুলোকে তাদের বশীভূত করে দিয়েছি, ফলে এগুলোর কতক তাদের বাহন, আর এদের কতকগুলো তারা খায়। — তাইসিক্ল

এবং আমি ওগুলিকে তাদের বশীভূত করেছি। ওগুলির কতক তাদের বাহন এবং কতক তারা আহার করে। — মুজিবুর রহমান

And We have tamed them for them, so some of them they ride, and some of them they eat. — Sahih International

৭২. আর আমরা এগুলোকে তাদের বশীভূত করে দিয়েছি। ফলে এগুলোর কিছু সংখ্যক হয়েছে তাদের বাহন। আর কিছু সংখ্যক থেকে তারা খেয়ে থাকে।

তাফসীরে জাকারিয়া

- (৭২) এবং আমি এগুলিকে ওদের বশীভূত করে দিয়েছি।[1] এগুলির কিছু ওদের সওয়ারী এবং কিছু ওদের খাদ্য।
 - [1] অর্থাৎ, ঐ সকল পশু দ্বারা তারা যেভাবে উপকৃত হতে চায়, তারা অস্বীকার করে না। এমন কি তারা তাদেরকে যবেহ্ করে এবং ছোট বাচ্চারাও তাদেরকে টেনে নিয়ে বেড়ায়।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3777

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন